

বরিশালের ছাগলিয়া নদীতে একটি ফিশিংট্রলার থেকে ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের অবৈধ কারেন্ট জাল উদ্ধার করেছে বাংলাদেশ নৌবাহিনী

ঢাকা, ০৯ মে ২০১৮ঃ বরিশালের ছাগলিয়া নদীতে টহলরত থাকাকালে একটি ফিশিংট্রলার থেকে ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের প্রায় ৭ লক্ষ ৫০ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল উদ্ধার করেছে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ পদ্মা। আজ বুধবার (০৯-৫-২০১৮) উদ্ধারকৃত এসকল অবৈধ জালসমূহ নৌবাহিনীর কর্মকর্তা, স্থানীয় মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে পুড়িয়ে ফেলা হয়।



বাংলাদেশ নৌবাহিনী জাহাজ ‘পদ্মা’ আজ বুধবার (০৯-০৫-২০১৮) বরিশালের ছাগলিয়া নদীতে টহলরত থাকাকালে একটি ফিশিং ট্রলার থেকে ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের প্রায় ৭ লক্ষ ৫০ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল উদ্ধার করে। পরে উদ্ধারকৃত এসকল অবৈধ জালসমূহ নৌবাহিনীর কর্মকর্তা, স্থানীয় মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে পুড়িয়ে ফেলা হয়।

গতকাল রাত থেকে গভীর সমুদ্রে টহলরত থাকা নৌবাহিনীর জাহাজ পদ্মা আজ সকালে বরিশালের ছাগলিয়া নদীর ইলিশা এলাকায় একটি ইঞ্জিনচালিত ফিশিং ট্রলার এর গতিবিধি সন্দেহজনক হয়। পরে নৌসদস্যরা ট্রলারটিকে ধাওয়া করে। এসময় নৌসদস্যদের উপস্থিতি টের পেয়ে ফিশিং ট্রলারটিতে অবস্থানরত জেলেরা পানিতে ঝাপ দিয়ে পালিয়ে যায়। পরে নৌবাহিনীর সদস্যরা ট্রলারটিতে অভিযান চালিয়ে এর পাটাতনের নিচ থেকে প্রায় ৭ লক্ষ ৫০ হাজার মিটার অবৈধ কারেন্ট জালের ১৫টি বস্তা উদ্ধার করে। যার প্রতিটি বস্তায় ৫০টি করে মোট ৭৫০ বাউল কারেন্ট জাল উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা।

উল্লেখ্য, চলতি মৌসুমে খুলনা নৌ অঞ্চলের আওতাধীন বিভিন্ন নদ-নদীতে নৌবাহিনীর বিভিন্ন জাহাজ জাটকা অপারেশন পরিচালনার মাধ্যমে প্রায় ৩৬ কোটি ৮ লক্ষ ৯৫ হাজার ৫শত টাকা মূল্যের প্রায় ১ কোটি ৫৬ লক্ষ ৭৩ হাজার ৩শ মিটার অবৈধ কারেন্ট জাল উদ্ধার করে। যা পরবর্তীতে স্থানীয় প্রশাসন, আইন প্রয়োগকারী সংস্থা ও মৎস্য কর্মকর্তার উপস্থিতিতে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়।